

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd


বিজ্ঞপ্তি নং-৬৭৪ (১)

তারিখঃ- ৩১ জানুয়ারি ২০২১ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী বিনোদন, ক্রীড়া, সাংস্কৃতিক, ধর্মীয় ও কল্যাণ ট্রাস্টের নির্বাচন ২০২১-২০২২ অনুষ্ঠান সংক্রান্ত সংশোধিত গঠনতন্ত্র-২০১৪ এর বিধি ২১ এর উপ-বিধি 'ক' অনুসারে নির্বাচন ইংরেজী সনের ৩১ শে ডিসেম্বরের মধ্যে হতে হবে। কোন কারণবশতঃ যদি নির্বাচন ইংরেজী ৩১ ডিসেম্বরের মধ্যে অনুষ্ঠিত না হয়, তা হলে নির্বাচন অবশ্যই ৩১শে জানুয়ারির মধ্যে অনুষ্ঠিত হবে। কিন্তু দেশব্যাপী করোনা ভাইরাস সৃষ্ট মহামারীর কারণে শারীরিক ও সামাজিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। উদ্ভূত প্রেক্ষাপটে বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্টের নির্বাচন অনুষ্ঠিত হলে ব্যাপক লোক সমাগমের আশঙ্কা রয়েছে। তাছাড়া বর্তমান কোভিড-১৯ ব্যাপকভাবে বিস্তৃত রয়েছে। মহামারীর এই সময়ে নির্বাচন অনুষ্ঠিত হলে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কোভিড-১৯ ব্যাপকভাবে সংক্রমন হওয়ার সম্ভাবনা রয়েছে। এখানে উল্লেখ্য যে, অন্যান্য সরকারী প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারীদের সংগঠনের নির্বাচন সংক্রান্ত কার্যক্রম করোনা সৃষ্ট মহামারীর কারণে স্থগিত রয়েছে।

এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী বিনোদন, ক্রীড়া, সাংস্কৃতিক, ধর্মীয় ও কল্যাণ ট্রাস্টের নির্বাচন ২০২১-২০২২ অনুষ্ঠান স্থগিত করা হলো। পরিস্থিতি স্বাভাবিক হলে পরবর্তীতে নির্বাচনের তারিখ ও সময় জানানো হবে।


৩১.০১.২০২১
(মোঃ গোলাম রব্বানী)

যুগ্ম সিনিয়র ভাইস চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট কল্যাণ ট্রাস্ট

ও

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

E-mail: registrar_hcd@supreme court.gov.bd.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

- ০১। প্রধান নির্বাচন কমিশনার, সুপ্রীম কোর্ট কল্যাণ ট্রাস্ট নির্বাচন ২০২১-২০২২ ও স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ০৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৪। সুপ্রীম কোর্টের সকল নোটিশ বোর্ড।
- ০৫। অফিস কপি।